জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

www.Janatabank-bd.com

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট
ফোন ঃ ৯৫৫২০৭৮, ৯৫৬৫০৪৪

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৭৪৪/১৭ তারিখ ঃ ১৪ মে, ২০১৭ ইং
৩১ বৈশাখ, ১৪২৪ বাংলা

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি/ সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক জনতা ব্যাংক লিমিটেড এ সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট ও কমিটি গঠন এবং এতদসংক্রান্ত কার্যপরিধি অনুমোদন প্রসংগে।

মহোদয়,

জাতিসংঘ বৈশ্বিক পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals) ঘোষনা করেছে যা জাতীয় পর্যায়ে বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার কর্মপরিকল্পনা প্রস্তুতের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে। মাননীয় প্রধানমন্ত্রী এ বিষয়ে সকলকে সমন্বিতভাবে অংশগ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। এছাড়া, টেকসই ব্যাংকিং এর মাধ্যমে আর্থিক খাতের স্থিতিশীলতা নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের পরিবেশবান্ধব ব্যাংকিং ও CSR কার্যক্রম সমন্বিতভাবে এবং অধিকতর ফলপ্রদ ও দক্ষতার সাথে পরিচালনা করার লক্ষ্যে একটি শক্তিশালী সাংগঠনিক কাঠামো অত্যন্ত জরুরী। এ প্রেক্ষিতে, বাংলাদেশ ব্যাংক এর সাসটেইনবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট এর এসএফডি সার্কুলার নং:০২ তারিখ: ০১.১২.২০১৬ এর মাধ্যমে সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট গঠনসহ সাসটেইনবল ফাইন্যান্স কমিটি ও কার্যপরিধি প্রণয়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয় ।

বাংলাদেশ ব্যাংকের উক্ত নির্দেশনার আলোকে অত্র ব্যাংকের রিস্ক ম্যানেজমেন্ট ডিভিশনের অধীনে সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট গঠন ও এর কার্যপরিধি এবং উক্ত কার্যক্রম ব্যবস্থাপনা পর্যায়ে পরিকল্পনা ও তদারকি করার লক্ষ্যে জ্যেষ্ঠতম উপ-ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের 'সাসটেননবল ফাইন্যান্স কমিটি' গঠন ও এর কার্যপরিধি বিষয়ে স্মারকলিপি উপস্থাপন করা হলে পরিচালনা পর্ষদের নির্বাহী কমিটির গত ১২/০৪/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভায় অনুমোদিত হয় যা ২১/০৪/২০১৭ তারিখে অনুষ্ঠিত ৪৭১ তম পর্ষদ সভায় অনুসমর্থন করা হয়েছে। এছাড়া প্রতিষ্ঠানের শীর্ষ পর্যায়ে নীতিগত সিদ্ধান্ত গ্রহন, কৌশলগত দিকনির্দেশনা ও তদারকির সামগ্রিক দায়িত্ব পর্ষদের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যাস্ত করে কার্যপরিধি অনুমোদন করা হয়েছে।

অত্র ব্যাংকের গ্রীন ব্যাংকিং ও সিএসআর সেল/ইউনিটকে সংশ্লিষ্ট ডিপার্টমেন্টসমূহ হতে বিলুপ্ত করে সেখানে কর্মরত জনবলকে রিস্ক ম্যানেজমেন্ট ডিভিশনের আওতাধীন নবগঠিত সাসটেইনবল ফাইন্যান্স ইউনিটে আন্তঃসমন্বয়ের মাধ্যমে পদায়নের অনুমোদন দেয়া হয়েছে।

সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট ও সাসটেইনবল ফাইন্যান্স কমিটি ও এর কর্মপরিধি এবং এতদসংক্রান্ত বিষয়ে পর্ষদের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির কর্মপরিধি নিম্নরুপ ঃ

(ক) সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট এর কার্যপরিধি ঃ-

০১। নিম্নলিখিত বিষয়ে ব্যাংকের নিজস্ব নীতিমালা প্রণয়ন, পরিমার্জন,সংশোধন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত কার্যাবলীঃ

১.১. পরিবেশবান্ধব ব্যাংকিং
১.২. Corporate Social Responsibility (CSR)
১.৩. পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা এবং খাতভিত্তিক পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা (ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের সাথে যৌথ উদ্যোগে করণীয়)
১.৪. Green Office Guide
১.৫. Green Strategic Planning
১.৬. Gender Parity

০২। নিম্নলিখিত বিষয়ে ব্যাংকের নিজস্ব কৌশলপত্র প্রণয়ন, পরিমার্জন,সংশোধন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত কার্যাবলীঃ-

২.১. Carbon Footprint Measurement (বার্ষিক ভিত্তিতে করণীয়)
২.২. জলবায়ু ঝুঁকি তহবিল গঠন ও পরিচালনা
২.৩. Green Marketing (বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্টের সাথে যৌথ উদ্যোগে)

০৩। আর্থিক খাতে Collaborative CSR বিষয়ক (যথা: সমন্বিত দিবাযত্ন কেন্দ্র) সমন্বয় সংক্রান্ত কার্যাবলী।

০৪। Green Branch স্থাপনের জন্য বাংলাদেশ ব্যাংকের নিকট আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি গ্রহণ ও স্থাপন সমন্বয় সংক্রান্ত কার্যাবলী।

০৫। Sustainability Reporting প্রস্তুত সমন্বয় সংক্রান্ত কার্যাবলী (এ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ডিভিশনের সাথে যৌথ উদ্যোগে করণীয়)

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক জনতা ব্যাংক লিমিটেড এ সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট ও কমিটি গঠন এবং এতদসংক্রান্ত কার্যপরিধি অনুমোদন প্রসংগে।

০৬। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর স্থাপনা নির্মাণ ও ব্যবসা কেন্দ্র সম্প্রসারণে পরিবেশবান্ধব কার্যক্রম গ্রহণ এবং জলবায়ু ঝুঁকি তহবিলের ব্যবহার সংক্রান্ত এসএফডি সার্কুলার নং ঃ ০১/২০১৬ এর বাস্তবায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত কার্যাবলী।

০৭। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals) বিষয়ে সময়ে সময়ে বাংলাদেশ সরকার ও বাংলাদেশ ব্যাংক হতে প্রদত্ত নির্দেশনাসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত কার্যাবলী।

০৮। পরিবেশবান্ধব ব্যাংকিং, CSR, টেকসই ব্যাংকিং ও টেকসই অর্থায়ন বিষয়ে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক হতে প্রদত্ত নির্দেশনাসমুহ বাস্তবায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত কার্যাবলী।

০৯। পরিবেশবান্ধব ব্যাংকিং ও CSR বিষয়ক বাংলাদেশ ব্যাংকে দাখিলব্য সকল বিবরণী দাখিল ও সাসটেইনবল ফাইন্যান্সের সকল বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সাথে সকল প্রকার যোগাযোগ ও সমন্বয় সংক্রান্ত কার্যাবলী।

১০। বাংলাদেশ ব্যাংকের সাসটেইনবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের আওতাধীন সকল On-Lending/On-Blending (Refinance/ Pre-Finance/ Reimbursement) Scheme/ Fund/ Facility/ Project এর Participation Agreement স্বাক্ষর, Refinance/Pre-Finance/ Reimbursement এর আবেদন ও এ সংক্রান্ত সকল কার্যাবলী।

১১। Green Finance ও Sustainable Finance এর Financial Instrument & Product উদ্ভাবন ও বাংলাদেশ ব্যাংক হতে অনুমোদন সংক্রান্ত কার্যাবলী।

১২। ন্যুনতম মাসিক ভিত্তিতে ইউনিটের কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সাসটেইনবল ফাইন্যান্স কমিটির নিকট দাখিল ও কমিটির নির্দেশনাসমূহ বাস্তবায়ন।

১৩। Green Finance, CSR , Climate Risk Fund, Green Marketing এর বার্ষিক বাজেট প্রণয়ন ও তা সাসটেইনবল ফাইন্যান্স কমিটির মাধ্যমে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ সংক্রান্ত কার্যাবলী।

১৪। ন্যুনতম ত্রৈমাসিক ভিত্তিতে ইউনিটের কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন পরিচালক পর্ষদের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল ও পর্ষদের নির্দেশনাসমূহ বাস্তবায়ন।

১৫। পরিবেশবান্ধব ব্যাংকিং , CSR, টেকসই ব্যাংকিং ও টেকসই অর্থায়ন বিষয়ে প্রতিষ্ঠানের Official/Staff -দের প্রয়োজনীয় প্রশিক্ষণের বিষয়টি নিশ্চিতকরণ।

১৬। পরিবেশবান্ধব অর্থায়ন, জলবায়ু ঝুঁকি তহবিলের ব্যবহার, CSR এর আওতা, ব্যাপকতা ও পরিমাণ বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা ও উদ্যোগ গ্রহণ এবং তা সাসটেইনবল ফাইন্যান্স কমিটির মাধ্যমে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ সংক্রান্ত কার্যাবলী।

১৭। পরিবেশবান্ধব ব্যাংকিং , CSR, টেকসই ব্যাংকিং ও টেকসই অর্থায়ন বিষয়ে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন, প্রতিষ্ঠানের নিজস্ব Internal Control & Compliance এর যথাযথ পরিপালনের ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদান।

(খ) সাসটেইনবল ফাইন্যান্স কমিটির কাঠামো ও কর্মপরিধি ঃ

কাঠামোঃ

নিম্নোক্ত নির্বাহী/কর্মকর্তাদের সমন্বয়ে সাসটেইনবল ফাইন্যান্স কমিটি গঠিত হলঃ

১।	জ্যেষ্ঠতম উপব্যবস্থাপনা পরিচালক	--	সভাপতি
২।	সকল উপব্যবস্থাপনা পরিচালক	--	সদস্য
৩।	জিএম, ক্রেডিট ডিভিশন	--	সদস্য
৪।	জিএম, রিস্ক ম্যানেজমেন্ট ডিভিশন	--	সদস্য
৫।	জিএম, বিডিএম এন্ড ল’ ডিভিশন	--	সদস্য
৬।	জিএম, স্পেশাল এ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড রিকভারী ডিভিশন	--	সদস্য
৭।	জিএম, ট্রেজারী এন্ড ফরেন ট্রেড ডিভিশন	--	সদস্য
৮।	জিএম, এইচআর ডিভিশন	--	সদস্য
৯।	জিএম, আইসিটি ডিভিশন	--	সদস্য
১০।	জিএম, অডিট এন্ড ইন্সপেকশন ডিভিশন	--	সদস্য
১১।	জিএম, মনিটরিং এন্ড কমপ্লায়েন্স ডিভিশন	--	সদস্য
১২।	জিএম, কমন সার্ভিসেস ডিভিশন	--	সদস্য
১৩।	জিএম, একাউন্টস এন্ড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ডিভিশন	--	সদস্য
১৪।	জিএম, কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট	--	সদস্য
১৫।	জিএম, রিসার্চ এন্ড প্ল্যানিং ডিভিশন	--	সদস্য
১৬।	জিএম, এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশন	--	সদস্য
১৭।	ডিজিএম, সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট	--	সদস্য সচিব

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক জনতা ব্যাংক লিমিটেড এ সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট ও কমিটি গঠন এবং এতদসংক্রান্ত কার্যপরিধি অনুমোদন প্রসংগে।

কর্মপরিধিঃ-

১। সাসটেইনবল ফাইন্যান্স ইউনিটের কার্যক্রমের বিষয়ে ব্যবস্থাপনা পর্যায়ে প্রয়োজনীয় অনুমোদন প্রদান , তদারকী ও মূল্যায়ন।

২। সাসটেইনবল ফাইন্যান্স ইউনিটের কার্যক্রমের বিষয়ে বার্ষিক লক্ষ্যমাত্রা প্রদান ও তার মূল্যায়ন।

৩। সাসটেইনবল ফাইন্যান্স ইউনিটের কার্যক্রমের বিষয়ে ব্যাংকের সংশ্লিষ্ট সব বিভাগের যথাযথ সমন্বয় ও সহযোগিতা নিশ্চিতকরণ।

(গ) টেকসই ব্যাংকিং ও টেকসই অর্থায়ন (পরিবেশবান্ধব ব্যাংকি ও CSR) বিষয়ে জনতা ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির কর্মপরিধিঃ

১। পর্ষদের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির অনুমোদিত কর্ম পরিধির পাশাপাশি সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট এবং সাসটেইনবল ফাইন্যান্স কমিটির কার্যক্রমের বিষয়ে নীতি নির্ধারণ, কৌশলগত দিক নির্দেশনা ও প্রয়োজনীয় অনুমোদন প্রদান, তদারকী ও মূল্যায়ন।

২। Green Finance, CSR, Climate Risk Fund, Green Marketing এর বার্ষিক বাজেট পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশ করা।

এ নির্দেশ বিজ্ঞপ্তি অবিলম্বে কার্যকর হবে। এ নির্দেশ বিজ্ঞপ্তির উর্পযুক্ত কার্যপরিধিতে বর্ণিত কার্যক্রমসমূহ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসএফডি সার্কুলার নং:০২ তারিখ-০১.১২.২০১৬ মোতাবেক এতদসংক্রান্ত অন্যান্য সকল কার্যক্রম রিস্ক ম্যানেজমেন্ট ডিভিশন এর আওতাধীন সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট কর্তৃক সম্পাদিত হবে।

আপনার বিশ্বস্ত,

মোস্তফা ছাইফুল হক
উপ-মহাব্যবস্থাপক

মোঃ সাজেদুর রহমান
মহাব্যবস্থাপক